গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# অসচ্ছল প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ভাতা প্রদান কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা (সংশোধিত)

# Implementation Manual for the Allowances programme of Insolvent Persons with Disabilities

**(Revised)**

সমাজসেবা অধিদফতর
সমাজকল্যাণ মন্ত্রণালয়
২০১৩

সূচিপত্র


| অনুচ্ছেদ নম্বর | বিষয় | পৃষ্ঠা নম্বর |
| --- | --- | --- |
| ১ | পটভূমি | ৩ |
| ২ | সংজ্ঞা | ৪ |
| ৩ | প্রতিবন্ধীত্বের ধরণ ও শ্রেণীবিন্যাস | ৫ |
| ৪ | প্রতিবন্ধীদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান | ৫ |
| ৫ | লক্ষ্য ও উদ্দেশ্য | ৬ |
| ৬ | কর্মসূচি বাস্তবায়নের কৌশল | ৬ |
| ৭ | বাস্তবায়ন কর্তৃপক্ষ | ৬ |
| ৮ | কর্মসূচির পরিধি | ৬ |
| ৯ | সমীক্ষা/তথ্য সংগ্রহ | ৭ |
| ১০ | প্রার্থী নির্বাচনের মানদন্ড | ৭ |
| ১১ | ভাতা প্রাপকের যোগ্যতা ও শর্তাবলী | ৭ |
| ১২ | ভাতা প্রাপ্তির অযোগ্যতা | ৮ |
| ১৩ | প্রার্থী বাছাই পদ্ধতি | ৮ |
| | ১৩.১ বাছাই কমিটি | ৮ |
| | ১৩.২ অসচ্ছল প্রতিবন্ধী ভাতা প্রদানের জন্য প্রচার ও দরখাস্ত আহবান | ৮ |
| | ১৩.৩ প্রার্থী বাছাই প্রক্রিয়া | ৮-৯ |
| ১৪ | বাতিল প্রক্রিয়া | ৯ |
| ১৫ | ভাতা পরিশোধ পদ্ধতি | ৯-১২ |
| ১৬. | ভাতাভোগীর তালিকা ও অন্যান্য তথ্যাদি সংরক্ষণ পদ্ধতি | ১৩-১৪ |
| ১৭ | পরিবীক্ষণ ও মূল্যায়ন | ১৫ |
| ১৮ | অসচ্ছল প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ভাতা প্রদান কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত কমিটিসমূহ | ১৫ |
| | ১৮.১ ইউনিয়ন কমিটি | ১৫ |
| | ১৮.২ নির্বাচন স্থগিত এমন ইউনিয়ন পরিষদ কমিটি | ১৫ |
| | ১৮.৩ কমিটির রূপরেখা | ১৫ |
| | ১৮.৪ কমিটির কর্মপরিধি | ১৫ |
| ১৯ | স্থানীয় গণ্যমান্য ব্যক্তি | ১৫ |
| ২০ | উপজেলা কমিটি | ১৬ |
| | ২০.১ কমিটির রূপরেখা | ১৬ |
| | ২০.২ কমিটির কার্যপরিধি | ১৬ |

| অনুচ্ছেদ নম্বর | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ২১ | পৌরসভা কমিটি (সকল শ্রেণীর পৌরসভার জন্য) | ১৭ |
| | ২১.১ কমিটি গঠন | ১৭ |
| | ২১.২ কমিটির কার্যপরিধি | ১৭ |
| ২২ | সিটি কর্পোরেশন কমিটি | ১৮ |
| | ২২.১ কমিটি রূপরেখা | ১৮ |
| | ২২.২ কমিটির কর্মপরিধি | ১৮ |
| ২৩ | জেলা স্টিয়ারিং কমিটি | ১৯ |
| | ২৩.১ কমিটির রূপরেখা | ১৯ |
| | ২৩.২ কমিটির কর্মপরিধি | ১৯ |
| ২৪ | জাতীয় স্টিয়ারিং কমিটি | ২০ |
| | ২৪.১ কমিটি রূপরেখা | ২০ |
| | ২৪.২ কমিটির কর্মপরিধি | ২০ |
| ২৫ | সামাজিক নিরাপত্তা বলয় কর্মসূচির সার্বিক তত্ত্বাবধান সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি কমিটি ঃ | ২১ |
| | ২৫.১ কমিটির রূপরেখা | ২১ |
| | ২৫.২ কমিটির কর্মপরিধি | ২১ |
| ২৭ | অসচ্ছল প্রতিবন্ধীভাতা কর্মসূচীর তথ্য সংগ্রহ ফরম এর নমুনা | ২২ |
| ২৮ | অসচ্ছল প্রতিবন্ধী ভাতা মঞ্জুরীর আবেদন পত্র | ২৩-২৪ |
| ২৯ | অসচ্ছল প্রতিবন্ধীভাতা পরিশোধ বহি | ২৫ |
| ৩১ | অসচ্ছল প্রতিবন্ধীভাতা পরিশোধের আদেশ | ২৬-২৭ |
| ৩২ | অসচ্ছল প্রতিবন্ধীভাতা পরিশোধ বই বিতরণ রেজিষ্টার | ২৮ |
| ৩৩ | মাসিক ভাতা পরিশোধ সংক্রান্ত রেজিস্টার সংরক্ষণের নমুনা ‘ছক’ | ২৯ |
| ৩৪ | ভাতাপ্রাপ্ত প্রতিবন্ধী ব্যক্তিদের তালিকা সম্বলিত রেজিষ্টার এর নমুনাঃ | ৩০ |
| ৩৫ | ভাতাপ্রাপ্ত প্রতিবন্ধী ব্যক্তিদের অপেক্ষমাণ তালিকা সমাবলিত রেজিষ্টার এর নমুনাঃ | ৩১ |

# অসচ্ছল প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ভাতা প্রদান কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা

## ১.০ পটভূমি :

১.১.পৃথিবীর অন্যান্য কল্যাণ রাষ্ট্রের ন্যায় বাংলাদেশ সরকারও সামাজিক নিরাপত্তা বেষ্টনী সুদৃঢ়করণের লক্ষ্যে দেশের দুঃস্থ, অবহেলিত, সুবিধাবঞ্চিত এতিম, প্রতিবন্ধী এবং অনগ্রসর মানুষের কল্যাণ ও উন্নয়নের ক্ষেত্রে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাধ্যমে ব্যাপক ও বহুমুখী কর্মসূচি বাস্তবায়ন করছে। সামাজিক নিরাপত্তা বিধানে সরকার তার সাংবিধানিক দায়িত্বের অংশ হিসেবে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদফতরের মাধমে অসচ্ছল প্রতিবন্ধী ভাতা কর্মসূচি বাস্তবায়ন করছে।

### ১.২ অসচ্ছল প্রতিবন্ধী ভাতা :

প্রতিবন্ধী জনগোষ্ঠী সমাজের অবিচ্ছেদ্য অংশ। সভ্যতার ক্রমবিকাশের সাথে সাথে প্রতিবন্ধী জনগোষ্ঠী সম্বন্ধে পরিবার, সমাজ, রাষ্ট্র এবং বিশ্ব সম্প্রদায়ের দৃষ্টিভঙ্গি এবং দায়িত্ববোধের পরিবর্তন লক্ষণীয়। সাম্প্রতিককালে বিভিন্ন দেশ প্রতিবন্ধী জনগোষ্ঠীর কল্যাণ ও উন্নয়নের জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণসহ আন্তর্জাতিক ফোরামে প্রতিবন্ধী বিষয়ক বিভিন্ন পরিকল্পনা গ্রহণের অঙ্গিকার প্রদান করছে। তথাপি, পৃথিবীর প্রায় দেশেই প্রতিবন্ধী জনগোষ্ঠী সাধারণতঃ সমাজের অনগ্রসর ও দরিদ্রতম এবং পরনির্ভরশীল অংশ হিসেবেই রয়ে গেছে। অনগ্রসর অংশ হিসেবে বাংলাদেশ সরকার প্রতিবন্ধী ব্যক্তিদের প্রতি বিশেষ গুরুত্ব প্রদান করছে। বাংলাদেশের সংবিধানের ১৫, ১৭, ২০ এবং ২৯ অনুচ্ছেদে অন্যান্য নাগরিকদের সাথে প্রতিবন্ধী ব্যক্তিদের সমসুযোগ ও অধিকার প্রদান করা হয়েছে। সংবিধানের ১৫(ঘ) অনুচ্ছেদে বলা হয়েছে যে, সামাজিক নিরাপত্তার অধিকার অর্থাৎ বেকারত্ব, ব্যধি বা পঙ্গুত্বজনিত কিংবা বৈধব্য, মাতৃপিতৃহীনতা বা বার্ধক্যজনিত কিংবা অনুরূপ পরিস্থিতি জনিত কারণে অভাবগ্রস্ততার ক্ষেত্রে সরকারি সাহায্য লাভের অধিকার রয়েছে। বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ আইন, ২০০১ এর তফসিল 'ঝ' অংশে সামাজিক নিরাপত্তা সম্পর্কিত অধ্যায়ে বেকার, অসহায় ও বৃদ্ধ প্রতিবন্ধীদের জন্য বিশেষ ভাতা প্রবর্তনের অঙ্গীকার ব্যক্ত করা হয়েছে। তাছাড়া, এ আইন এর আওতায় গঠিত জাতীয় প্রতিবন্ধীকল্যাণ সমন্বয় কমিটি কর্তৃক প্রতিবন্ধী বিষয়ক কর্ম-পরিকল্পনা অনুমোদিত হয়েছে। অনুমোদিত কর্ম-পরিকল্পনা অনুযায়ী প্রতিবন্ধী ব্যক্তিদের কল্যাণে বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক গৃহিত কার্যক্রম সময়সীমা নির্ধারণপূর্বক বাস্তবায়িত হচ্ছে। জাতিসংঘের সাধারণ পরিষদের ৬১ তম অধিবেশনে প্রতিবন্ধী ব্যক্তিবর্গের অধিকার সনদ অনুমোদিত হয়, যা ৩ মে, ২০০৮ তারিখ থেকে আন্তর্জাতিক মানবাধিকার আইন হিসেবে কার্যকর হয়েছে। বাংলাদেশ সরকার উক্ত সনদে স্বাক্ষর ও অনুসমর্থন করেছে এবং এর ঐচ্ছিক প্রতিপালনীয় বিধি-বিধানেও স্বাক্ষর ও অনুসমর্থন করেছে।

১.৩ বাংলাদেশের প্রতিবন্ধীদের অনগ্রসরতা, অসহায়ত্ব এবং বেকারত্ব ইত্যাদির কথা বিবেচনা করে সরকার সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অনুন্নয়ন বাজেট হতে অর্থায়নকৃত উন্নয়ন কর্মসূচির আওতায় ২০০৫-২০০৬ অর্থবছর হতে অসচ্ছল প্রতিবন্ধী ব্যক্তিদের (পুরুষ ও মহিলা) জন্য ভাতা প্রদান কর্মসূচি প্রবর্তন করেছে।

০২. সংজ্ঞা :

**২.১ প্রতিবন্ধী ব্যক্তি :** বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ আইন, ২০০১ এর ৩ ধারা অনুযায়ী " প্রতিবন্ধী" অর্থ এমন ব্যক্তি যিনি-

(ক) জন্মগতভাবে বা রোগাক্রান্ত হইয়া বা দুর্ঘটনায় আহত হইয়া বা অপচিকিৎসায় বা অন্য কোন কারণে দৈহিকভাবে বিকলাঙ্গ বা বুদ্ধিতে ভারসাম্যহীন; এবং

(খ) উক্তরূপ বৈকল্য বা ভারসাম্যহীনতার ফলে-

(অ) স্থায়ীভাবে আংশিক বা সম্পূর্ণ কর্মক্ষমতাহীন; এবং

(আ) স্বাভাবিক জীবনযাপনে অক্ষম।

২.২. প্রতিবন্ধী কল্যাণ আইন ২০০১ এর ধারা ৩ এর(২) উপধারার(১) এ বর্ণিত সংজ্ঞার আওতায় প্রতিবন্ধী চিহ্নিতকরণ :

(ক) দৃষ্টি প্রতিবন্ধী অর্থাৎ যাহার-

(অ) এক চোখের দৃষ্টি শক্তি নাই; বা

(আ) উভয় চোখের দৃষ্টি শক্তি নাই।

(খ) শারীরিক প্রতিবন্ধী যাহার-

(অ) একটি বা উভয় হাত নাই; বা

(আ) কোন হাত পূর্ণ বা আংশিকভাবে অবশ বা স্বাভাবিক মাত্রা অপেক্ষা এইরূপ দুর্বল যে, উপধারা (১) এর (ক) ও (খ) দফায় বর্ণিত অবস্থা তাহার ক্ষেত্রে প্রযোজ্য; বা

(ই) একটি বা উভয় পা নাই; বা

(ঈ) কোন পা পূর্ণ বা আংশিকভাবে অবশ বা স্বাভাবিক মাত্রা অপেক্ষা এইরূপ দুর্বল যে, উপধারা (১) এর (ক) ও (খ) দফায় বর্ণিত অবস্থা তাহার ক্ষেত্রে প্রযোজ্য; বা

(উ) শারীরিক গঠন বিকৃত বা অস্বাভাবিক; বা

(ঊ) স্নায়ুবিক বৈকল্যের কারণে স্থায়ীভাবে শারীরিক ভারসাম্য নাই;

(গ) শ্রবণ প্রতিবন্ধী অর্থাৎ যাহার অপেক্ষাকৃত সুস্থ কানের শ্রবণ ক্ষমতা, সাধারণ কথোপকথন শ্রবণের ক্ষেত্রে, ৪০ ডেসিবল (ধনির একক) বা ততধিক মাত্রায় নষ্ট, ক্ষতিগ্রস্ত বা অকার্যকর;

(ঘ) বাক প্রতিবন্ধী অর্থাৎ যাহার স্বাভাবিক অর্থবোধক ধনি উচ্চারণ করার ক্ষমতা সম্পূর্ণ বা আংশিকভাবে বিনষ্ট বা অকার্যকর;

(ঙ) বুদ্ধি(মানসিক) প্রতিবন্ধী অর্থাৎ যাহার-

(অ) বয়ঃবৃদ্ধির সংগে স্বাভাবিক বুদ্ধির পূর্ণতা ঘটে নাই বা যাহার বুদ্ধাংক স্বাভাবিক মাত্রা অপেক্ষা কম; বা

(আ) মানসিক ভারসাম্য নাই বা সম্পূর্ণ বা আংশিকভাবে নষ্ট হইয়াছে;

(চ) বহুমাত্রিক প্রতিবন্ধী অর্থাৎ যাহার উপরি-উল্লিখিত একাধিক প্রতিবন্ধিতা রহিয়াছে;

(ছ) সমন্বয় কমিটি কর্তৃক ঘোষিত অন্য কোন প্রতিবন্ধী।

### ০৩. প্রতিবন্ধীত্বের ধরণ ও শ্রেণীবিন্যাস :

প্রতিবন্ধী কল্যাণ আইন-২০০১ অনুযায়ী বাংলাদেশে প্রতিবন্ধী ব্যক্তিদের ৫ ভাগে ভাগ করা হয়; যথা :

১. শ্রবণ প্রতিবন্ধী

২. দৃষ্টি প্রতিবন্ধী

৩. বাক প্রতিবন্ধী

৪. বুদ্ধি প্রতিবন্ধী

৫. শারীরিক প্রতিবন্ধী


এছাড়াও অটিষ্টিক প্রতিবন্ধী ব্যক্তিবর্গ এ শ্রেণীর অন্তর্ভুক্ত হবে।

টীকা : অটিজম অর্থ ব্রেনের স্বাভাবিক বিকাশের প্রতিবন্ধকতা যা একটি শিশুর জন্মের ৩ (তিন) বছরের ভিতর প্রকাশ পেয়ে থাকে। 'অটিজম' এ আক্রান্ত শিশু/ব্যক্তি তার বয়সোপযোগী মৌখিক/অমৌখিক যোগাযোগ, সামাজিক আচরণ, ভাব বিনিময় ও কল্পনাযুক্ত খেলাধুলা করতে পারে না এবং একই ধরণের আচরণের পুনরাবৃত্তি ঘটায়। অটিস্টিক শিশুদের চেহারা বা অবয়ব স্বাভাবিক শিশুদের মত এবং সাধারণত: তাঁদের শারীরিক কোন সমস্যা থাকে না। অনেক প্রতিভাবান অটিস্টিক শিশুর মাঝে ছবি আঁকা, গান, কম্পিউটার কিংবা গণিত বিষয়ে অনেক দক্ষতা থাকে।

### ০৪. প্রতিবন্ধীদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান :

প্রতিবন্ধীদের বিষয়ে তথ্য সংরক্ষণ ও প্রতিবন্ধী চিহ্নিতকরণের লক্ষ্যে বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ আইন,২০০১ এর ১৩(খ) ধারা এবং ১৫এর (১) ও (২) উপধারা অনুযায়ী উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় তাঁর জেলাধীন স্থায়ীভাবে বসবাসরত সকল প্রতিবন্ধীদের নিবন্ধন করবেন এবং এতদুদ্দেশ্যে একটি নিবন্ধন বহি সংরক্ষণ করবেন। নিবন্ধিত প্রতিবন্ধীকে জেলা কমিটির সদস্যসচিব হিসেবে উপপরিচালক পরিচয়পত্র প্রদান করবেন।

**পরিচয় পত্রের নমুনা :**


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়
প্রতিবন্ধী ব্যক্তি'র পরিচয়পত্র
সুবর্ণ নাগরিক

ষ্ট্যাম্প সাইজ ছবি

নাম :
মাতা :
পিতা/স্বামী :
প্রতিবন্ধিতা'র ধরন :
জন্মতারিখ :
আই ডি নম্বর :
ঠিকানা : ..............................

এই পরিচয়পত্র গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সম্পত্তি। স্বত্বাধিকারী ব্যতীত অন্য কোথাও পাওয়া গেলে নিকটস্থ পোস্ট অফিস এ জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

Government of the People's Republic of Bangladesh
Department of Social Services, Ministry of Social Welfare
ID Card for the Person with Disability

Name :
Mother :
Father/Husband :
Type of Disability :
Date of Birth :
ID number :
Address : ..............................
Cell :

প্রতিবন্ধী ব্যক্তি'র স্বাক্ষর/টিপসহি Issuing Authority : Date: ..........

**০৫. লক্ষ্য ও উদ্দেশ্য :**

অনগ্রসর প্রতিবন্ধী ব্যক্তিদের অসহায়ত্ব, বেকারত্ব এবং সামাজিক নিরাপত্তা প্রদানের জন্য সরকার নিম্নবর্ণিত লক্ষ্য ও উদ্দেশ্যকে সামনে রেখে প্রতিবন্ধী ভাতা কর্মসূচি প্রবর্তন করে:

১. প্রতিবন্ধী ব্যক্তিদের প্রতি প্রদত্ত সাংবিধানিক ও আইনগত প্রতিশ্রুতি পূরণ;
২. অসচ্ছল প্রতিবন্ধী ব্যক্তিদের আর্থ-সামাজিক উন্নয়ন;
৩. দুঃস্থ প্রতিবন্ধী ব্যক্তিদের সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় আনয়ন;
৪. সুনির্দিষ্ট নীতিমালা অনুসরণপূর্বক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক বাছাইকৃত প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য মাসিক ভাতা প্রদান;
৫. প্রতিবন্ধী ব্যক্তিদের বিষয়টি জাতীয় কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্তকরণ।

**০৬. কর্মসূচি বাস্তবায়নের কৌশল :**

অসচ্ছল প্রতিবন্ধী ব্যক্তি সম্বন্ধে তথ্য সংগ্রহ এবং তার মাধ্যমে প্রকৃত সংখ্যা নিরূপন পূর্বক সমাজসেবা অধিদফতরের জনবল, স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি ও সুধীজনের সহযোগীতায় এ সংক্রান্ত নীতিমালা অনুসরণ করে প্রকৃত দরিদ্র ও অক্ষম প্রতিবন্ধীদের তালিকা প্রণয়ন করে বরাদ্দ অনুযায়ী অগ্রাধিকার প্রাপ্ত প্রতিবন্ধী ব্যক্তিকে ভাতা প্রদান করা হবে।

**০৭.বাস্তবায়ন কর্তৃপক্ষ :**

(ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সমাজসেবা অধিদফতর অসচ্ছল প্রতিবন্ধী ভাতা প্রদান কর্মসূচি বাস্তবায়ন করবে। এ বাস্তবায়ন প্রক্রিয়া জেলা সমাজসেবা কার্যালয় এবং উপজেলা ও শহর সমাজসেবা কার্যালয়সমূহের সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান জনবল, জেলা ও উপজেলা প্রশাসনে কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং ওয়ার্ড, ইউনিয়ন, পৌরসভা/ মহানগর এলাকার সংশ্লিষ্ট জনপ্রতিনিধিদের সহায়তায় সম্পাদিত হবে।

(খ) এ কর্মসূচি সার্বিকভাবে তত্ত্বাবধানের জন্য মাননীয় অর্থমন্ত্রীর সভাপতিত্বে 'সামাজিক নিরাপত্তা বলয় কর্মসূচির সার্বিক তত্ত্বাবধান সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি' থাকবে। তাছাড়া জেলা পর্যায়ে জেলা প্রশাসকের সভাপতিত্বে জেলা স্টিয়ারিং কমিটি এবং জাতীয় পর্যায়ে সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সভাপতিত্বে জাতীয় স্টিয়ারিং কমিটি থাকবে।

**০৮. কর্মসূচির পরিধি :**

সমগ্র বাংলাদেশ অর্থাৎ দেশের ৬৪ টি জেলার সকল শ্রেণীর পৌরসভা ও পল্লী এলাকার ইউনিয়নের ওয়ার্ড এবং সিটি কর্পোরেশনের থানাসমূহে প্রতিবন্ধী জনগোষ্ঠীর আনুপাতিক হারে অসচ্ছল প্রতিবন্ধীভাতা প্রদান করা হবে।

**০৯.সমীক্ষা/তথ্য সংগ্রহ :**

বাংলাদেশের মোট জনগোষ্ঠীর একটি উল্লেখযোগ্য অংশ প্রতিবন্ধী ব্যক্তি। প্রতিবন্ধী ভাতাভোগী নির্বাচনসহ এ কার্যক্রমের জবাবদিহিতা ও স্বচ্ছতা আনয়নে ডাটা বেইজ প্রণয়নের লক্ষ্যে সমাজসেবা অধিদফতরের আওতাধীন উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় এবং সমাজসেবা অফিসার, উপজেলা/শহর সমাজসেবা কার্যালয় নির্ধারিত ফরম (পরিশিষ্ট-১) অনুযায়ী প্রতিবন্ধী ব্যক্তিদের বিষয়ে তথ্য সংগ্রহ করবেন। তিনি নিয়মিতভাবে ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশন, জেলা ও উপজেলা নির্বাচন অফিস এবং পরিসংখ্যান বিভাগ হতে তথ্য সংগ্রহ করে প্রতি বছর বর্ণিত তালিকা হালনাগাদ করবেন।

সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার এ *সংক্রান্ত* তথ্য উপজেলা নির্বাহী অফিসার, উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় ও সমাজসেবা অধিদফতরে প্রেরণ করবেন। তাছাড়া তাঁর অফিসে একটি রেজিস্টারে এ সংক্রান্ত তথ্য সংরক্ষণ করবেন। উপজেলা/ইউনিয়ন/পৌরসভা/মহানগর এলাকায় সরকার কর্তৃক পরিচালিত তথ্য সেবা কেন্দ্রে সংশ্লিষ্ট কর্মকর্তা এ সংক্রান্ত তথ্য প্রদান করবেন।

**১০.প্রার্থী নির্বাচনের মানদন্ড :**

১. আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ আইন,২০০১ এর সংজ্ঞানুযায়ী প্রতিবন্ধী হতে হবে;
২. বাছাইকালে আবেদনকারীর আর্থ-সামাজিক অবস্থা বিবেচনায় আনতে হবে;
৩. ভাতা প্রদানের ক্ষেত্রে বৃদ্ধ/বৃদ্ধা প্রতিবন্ধীদের অগ্রাধিকার প্রদান করতে হবে;
৪. ভূমিহীন ও গৃহহীন প্রতিবন্ধীগণ ভাতা প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার লাভ করবে;
৫. নারী প্রতিবন্ধীদের অগ্রাধিকার দিতে হবে;
৬. বহুমাত্রিক প্রতিবন্ধী ব্যক্তিদের অগ্রাধিকার দিতে হবে;
৭. নতুন ভাতাভোগী মনোনয়নে অধিকতর দারিদ্রপীড়িত ও অপেক্ষাকৃত পশ্চাদপদ বা দূরবর্তী এলাকাকে অগ্রাধিকার দিতে হবে।
৮. চিকিৎসার লক্ষ্যে গরীব মানসিক/অটিস্টিক প্রতিবন্ধী শিশু (বয়স শিথিলযোগ্য) এবং সম্পূর্ণ দৃষ্টি প্রতিবন্ধী ব্যক্তিকে অগ্রাধিকার দিতে হবে।

**১১.ভাতা প্রাপকের যোগ্যতা ও শর্তাবলী :**

১. সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে;
২. প্রতিবন্ধী কল্যাণ আইন- ২০০১ অনুযায়ী জেলা সমাজসেবা কার্যালয় হতে নিবন্ধন ও পরিচয়পত্র গ্রহণ করতে হবে। প্রতিবন্ধী ব্যক্তি যে জেলার স্থায়ী বাসিন্দা সে জেলা হতে নিবন্ধন ও পরিচয়পত্র গ্রহণ করবেন;
৩. মাথাপিছু বার্ষিক আয় ৩৬,০০০ (ছত্রিশ হাজার) টাকার উর্ধে নয় এমন প্রতিবন্ধী ব্যক্তিগণ;
৪. আবেদনকারীকে অবশ্যই দুঃস্থ প্রতিবন্ধী হতে হবে;
৫. ৬ (ছয়) বছরের উর্ধে সকল ধরণের প্রতিবন্ধীকে ভাতা প্রদানের জন্য বিবেচনায় নিতে হবে;
৬. বাছাই কমিটি কর্তৃক নির্বাচিত হতে হবে।

**১২.ভাতা প্রাপ্তির অযোগ্যতা :**

১. সরকারি কর্মচারী হলে কিংবা সরকারি কর্মচারী হিসেবে পেনশনভোগী হলে;

২. অন্য কোনভাবে নিয়মিত সরকারি অনুদানপ্রাপ্ত হলে;

৩. কোন বেসরকারি সংস্থা/সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠান হতে নিয়মিতভাবে আর্থিক অনুদানপ্রাপ্ত হলে।

**১৩. প্রার্থী বাছাই পদ্ধতি :**

**১৩.১ বাছাই কমিটি :**

১.অসচ্ছল প্রতিবন্ধী ভাতা প্রদানের লক্ষ্যে প্রাথমিকভাবে প্রার্থী বাছাইয়ের জন্য ইউনিয়ন পর্যায়ে একটি কমিটি থাকবে;

২. চূড়ান্ত প্রার্থী বাছাইয়ের জন্য উপজেলা পর্যায়ে একটি কমিটি থাকবে;

৩. সকল শ্রেণীর পৌরসভার জন্য একটি কমিটি থাকবে;

৪. মহানগর এলাকার জন্য একটি কমিটি থাকবে;

৫. কমিটিসমূহ তাদের কর্মপরিধি অনুযায়ী ভাতাভোগী নির্বাচন ও ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ করবে।

**১৩.২ অসচ্ছল প্রতিবন্ধী ভাতা প্রদানের জন্য প্রচার ও দরখাস্ত আহবান ঃ**

১. ভাতাভোগী নির্বাচন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে ভাতাভোগী নির্বাচনের জন্য সংশ্লিষ্ট কমিটি ব্যাপক মাইকিং ও প্রচারের মাধ্যমে স্থানীয় জনসাধারণকে একটি উম্মুক্ত মাঠে/বড় হলরুমে সমবেত করবে এবং খোলামেলা আলোচনার মাধ্যমে ভাতাগ্রহীতা/অপেক্ষমাণ গ্রহীতার উপস্থিতিতে নীতিমালার আলোকে যাচাই বাছাই প্রক্রিয়া সম্পন্ন করবে। এরূপ যাচাই বাছাই প্রক্রিয়ায় সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার(ভূমি), থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্থানীয় এনজিও প্রতিনিধি ও গণ্যমান্য ব্যক্তিবর্গ পর্যবেক্ষক হিসেবে উপস্থিত থাকবেন। সভার কার্যবিবরণী থাকতে হবে।

২. উপজেলা পর্যায়ে (সকল শ্রেণীর পৌরসভাসহ) উপজেলা সমাজসেবা কর্মকর্তা বরাবর এবং মহানগর ও জেলা পর্যায়ে অবস্থিত পৌরসভা এলাকায় অসচ্ছল প্রতিবন্ধী ভাতা গ্রহণে আগ্রহী ব্যক্তিগণকে শহর সমাজসেবা কর্মকর্তা বরাবরে নির্ধারিত ফরম (পরিশিষ্ট-২) এ আবেদন করতে হবে।

**১৩.৩. প্রার্থী বাছাই প্রক্রিয়া :**

১. সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার অসচ্ছল প্রতিবন্ধী ভাতার জন্য প্রাপ্ত আবেদনের আলোকে আবেদনকারীদের ইউনিয়ন/পৌরসভার ওয়ার্ড ভিত্তিক পৃথক তালিকা (তালিকা-১) প্রণয়ন করবেন।

২. ইউনিয়ন কমিটি যাচাই-বাছাইপূর্বক প্রতিবন্ধী ভাতার জন্য উপযুক্ত ব্যক্তিদের প্রাথমিক তালিকা (তালিকা-২) প্রণয়ন করবে।

৩. ইউনিয়ন কমিটি কর্তৃক প্রণীত প্রাথমিক তালিকা (তালিকা-২) এবং আবেদনপত্রসমূহ উপজেলা কমিটিতে উপস্থাপন করতে হবে। উপজেলা কমিটি উক্ত প্রার্থী তালিকা এবং আবেদনপত্রসমূহ যাচাই-বাছাইপূর্বক চূড়ান্ত তালিকা (তালিকা-৩) প্রণয়ন করবে। অত:পর স্থানীয় মাননীয় সংসদ সদস্যের সম্মতি/অনুমোদনক্রমে ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ করবে। একই সাথে ইউনিয়ন/

পৌরসভার প্রতি ওয়ার্ডে অগ্রাধিকার ভিত্তিতে ১০ জনের (যদি থাকে) একটি অপেক্ষমাণ তালিকা (তালিকা-৪) অনুমোদনপূর্বক প্রস্তুত রাখতে হবে।

৪. পৌরসভা/মহানগর এলাকার ক্ষেত্রে প্রাপ্ত আবেদনের আলোকে কমিটি প্রার্থীদের আবেদনসমূহ যাচাই-বাছাইপূর্বক চূড়ান্ত করে স্থানীয় মাননীয় সংসদ সদস্যের সম্মতি/অনুমোদনক্রমে ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। একই সাথে অগ্রাধিকার ভিত্তিতে একটি অপেক্ষমাণ তালিকা (তালিকা-৪) অনুমোদনপূর্বক প্রস্তুত রাখতে হবে।

৫. ভাতা গ্রহণের জন্য নির্বাচিত প্রতিবন্ধী ব্যক্তির মধ্যে যদি কেউ মৃত্যুবরণ করেন তাঁর স্থলে অপেক্ষমান তালিকা থেকে জেন্ডার ভিত্তিক অগ্রাধিকার ক্রমানুযায়ী নতুন একজনকে তালিকাভুক্ত করা হবে এবং তিনি মৃত্যুবরণকারী ভাতাভোগী/তাঁর নমিনি সর্বশেষ যে মাস পর্যন্ত ভাতা গ্রহণ করেছেন তার পরবর্তী মাস হতে ভাতা গ্রহণের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। ওয়ারিশ হিসেবে কোন ব্যক্তিকে ভাতা প্রদান করা যাবে না।

৬. ভাতাভোগীদের বিদ্যমান অপেক্ষমাণ তালিকা বাস্তবতার নিরীখে প্রয়োজনবোধে হালনাগাদ করে তার ভিত্তিতে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৭. ইউনিয়ন/পৌরসভার ওয়ার্ড ভিত্তিক তালিকা প্রণয়ন ও ডাটা বেইজ তৈরীসহ সকল তালিকার একাধিক Hard Copy এবং Soft Copy সংরক্ষণ করতে হবে।

**১৪. যে সকল কারণে অসচ্ছল প্রতিবন্ধী ভাতা বাতিল করা যাবে :**

১. ভাতাভোগী এলাকা ত্যাগ করে অন্যত্র চলে গিয়ে স্থায়ীভাবে বসবাস করলে কিংবা চলে যাওয়ার তারিখ হতে ৬ (ছয়) মাসের মধ্যে নিজ এলাকায় প্রত্যাবর্তন না করলে ভাতা প্রদান তালিকা হতে তার নাম বাতিল করা যাবে এবং অপেক্ষমান তালিকা হতে তার স্থলে অগ্রাধিকার ক্রমানুসারে নতুন ব্যক্তিকে অন্তর্ভূক্ত করা যাবে। এক্ষেত্রে ইউনিয়ন/পৌরসভার ওয়ার্ড মেম্বার/কাউন্সিলর এবং সমাজসেবা অধিদফতরের আওতাধীন ইউনিয়ন সমাজকর্মী/ পৌরসমাজকর্মীর যৌথ সুপারিশের ভিত্তিতে উপজেলা/ পৌরসভা/মহানগর কমিটি সংশ্লিষ্ট ব্যক্তির ভাতা প্রদানের আদেশ বাতিল করতে পারবে।

২. সরকার কর্তৃক অন্য কোন ভাতা বা নিয়মিত আর্থিক সুবিধা গ্রহণ করলে ;

৩. ভাতার জন্য তালিকাভুক্তির পর ভাতা গ্রহণে ইচ্ছুক না হলে;

৪. একই ব্যক্তি একাধিক এলাকায় ভাতা গ্রহণ করছেন মর্মে প্রমানিত হলে তার একটি আদেশ বাতিল করতে হবে;

৫. প্রতিবন্ধী অবস্থা থেকে স্বাভাবিক অবস্থায় প্রত্যাবর্তন করলে ।

**১৫.ভাতা পরিশোধ পদ্ধতি:**

১. প্রশাসনিক মন্ত্রণালয় অসচছল প্রতিবন্ধী ভাতা বাবদ বাজেটে বরাদ্দকৃত অর্থ কিস্তিওয়ারী মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর বরাবর ন্যস্ত করবে। তিনি আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে ভাতা বাবদ বাজেটে বরাদ্দকৃত অর্থ অবমুক্ত করে সোনালী ব্যাংকের কেন্দ্রীয় হিসাবে জমা করবেন।

২. (ক) ভাতা গ্রহীতাদের সুবিধার্থে সোনালী/জনতা/অগ্রণী/বাংলাদেশ কৃষি/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের মাধ্যমে অথবা সরকার কর্তৃক নির্ধারিত আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে ভাতা পরিশোধ করতে হবে।

(খ) স্থানীয় সংশ্লিষ্ট প্রতিটি ব্যাংক শাখায় উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়,------------- 'অসচ্ছল প্রতিবন্ধী ভাতা প্রদান কার্যক্রম' শীর্ষক পৃথক পৃথক ব্যাংক হিসাব খুলতে হবে। উপজেলার ক্ষেত্রে উক্ত হিসাব উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা সমাজসেবা কর্মকর্তা এবং শহর সমাজসেবা কার্যালয়য়ের ক্ষেত্রে উক্ত হিসাব শহর সমাজসেবা কর্মকর্তা ও উপপরিচালক, জেলা সমাজসেবা কর্যালয় এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। উক্ত হিসাবের অর্থ ভাতাভোগীর হিসাবে স্থানান্তর ব্যতিত অন্য কোন কাজে ব্যবহার করা যাবে না।

(গ) সমাজসেবা অধিদফতর কর্তৃক প্রেরিত বিভাজন অনুযায়ী সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান কার্যালয় উক্ত ভাতার অর্থ প্রাথমিক পর্যায়ে উক্ত ব্যাংক হিসাবে জমা করবে।

(ঘ) বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার আলোকে ১০ টাকার বিনিময়ে ভাতা ভোগীর নিজ নামে ব্যাংক হিসাব খুলতে হবে। ভাতাভোগী চিহ্নিত করার জন্য হিসাব নম্বরের আগে 'প্রতিবন্ধী' সংকেত ব্যবহার করতে হবে।

(ঙ) সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তা প্রতি কিস্তির টাকা প্রাপ্তির পর ৭ দিনের মধ্যে ব্যাংকে ভাতাভোগীর নাম, ব্যাংক হিসাব নম্বর এবং স্থানান্তরিত অর্থের পরিমাণ সম্বলিত তালিকার ২ (দুই) কপি ব্যাংক কর্তৃপক্ষের নিকট সরবরাহ করবেন। ব্যাংক কর্তৃপক্ষ সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তা কর্তৃক সরবরাহকৃত তালিকায় বর্ণিত হিসাব নম্বরে ভাতাভোগীর টাকা পোষ্টিং প্রদানপূর্বক সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তার নিকট প্রত্যয়ন প্রদান করবেন।

(চ) কোন ভাতাভোগী অক্ষর জ্ঞানহীন, গুরুতর অসুস্থ বা অন্য কোন সঙ্গত কারণে অক্ষম হলে সেক্ষেত্রে তার জীবদ্দশায় নমিনীর মাধ্যমে ভাতার টাকা নিজ ব্যাংক হিসাব হতে সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তার প্রত্যয়ন সাপেক্ষে উত্তোলন করতে পারবেন।

(ছ) কোনো ভাতাভোগী মৃত্যুবরণ করলে তাঁর ব্যাংক হিসাবে গচ্ছিত ভাতার অর্থসহ মৃত্যু মাস এবং পরবর্তী ২ মাসসহ মোট ৩ (তিন) মাসের অর্থ সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তার প্রত্যয়ন সাপেক্ষে নমিনীকে প্রদান করা যাবে।

(জ) সমাজসেবা কর্মকর্তা অর্থ বছর সমাপ্তির পর বর্ণিত ব্যাংক হিসাবে অবিতরণকৃত অর্থ/ স্থিতির প্রতিবেদন সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নকৃত বিবরণী সমাজসেবা অধিদফতরে প্রেরণ করবেন।

৩. পেনশন প্রাপ্তদের পিপিও (Pension Payment Order) এর ন্যায় প্রতিবন্ধী ব্যক্তির নামে একটি ভাতা পরিশোধ বই (পরিশিষ্ট-৩) থাকবে । এ বইয়ে সংশ্লিষ্ট ওয়ার্ড মেম্বার/ কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক ভাতা প্রাপকের সত্যায়িত ছবি থাকবে। প্রতিটি বইয়ে পৃথক নম্বর সন্নিবিষ্ট থাকবে। এ ক্ষেত্রে পূর্বের ভাতাভোগীদের ক্রমিক নম্বরের ধারাবাহিকতা বজায় রাখতে হবে। প্রার্থী তালিকা চূড়ান্তভাবে অনুমোদিত হওয়ার দিন হতে সর্বোচ্চ ৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তা ভাতা প্রাপকের নামে ভাতা পরিশোধ বই ইস্যু করবেন। সমাজসেবা অফিসার ভাতা পরিশোধ বই ভাতাভোগীকে প্রদান করবেন এবং এ সংক্রান্ত একটি রেজিষ্টার (পরিশিষ্ট-৪) সংরক্ষণ করবেন। ভাতা প্রাপকগণ কেহ পাশ বই হারিয়ে বা নষ্ট করে ফেললে সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার বিষয়টি যাচাই বাছাই করে ডুপ্লিকেট পাশ বই ইস্যুর ব্যবস্থা করবেন।

৪. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় ও উপজেলা/শহর সমাজসেবা কর্মকর্তা ৩ (তিন) মাস অন্তর অসচছল প্রতিবন্ধী ভাতা বিতরণ সংক্রান্ত তথ্যাবলী রেজিষ্টার (পরিশিষ্ট-৫) অনুযায়ী সংরক্ষণ করবেন।

৫. যদি শারীরিক অক্ষমতাজনিত কারণে কিংবা পর্দানশীল হওয়ার কারণে কোন প্রতিবন্ধী ব্যক্তি ভাতা গ্রহণের জন্য সশরীরে উপস্থিত হতে না পারেন, তাহলে তিনি অন্য কোন ব্যক্তিকে তার পক্ষে ভাতা গ্রহণের জন্য মনোনয়ন দান করবেন। আবেদনপত্রের সাথে মনোনিত ব্যক্তির জাতীয় পরিচয় পত্রের অনুলিপি ও ওয়ার্ড মেম্বার/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ছবি থাকবে। মনোনীত ব্যক্তি ভাতা গ্রহণ করার সময় প্রতিবার সংশ্লিষ্ট ভাতা প্রাপক জীবিত আছেন মর্মে স্থানীয় জনপ্রতিনিধি (ওয়ার্ড মেম্বার/কাউন্সিলর/চেয়ারম্যান) এর প্রত্যয়নপত্র উপস্থাপন করবেন। নমিনি পরিবর্তন করতে চাইলে জাতীয় পরিচয় পত্রের অনুলিপি ও ওয়ার্ড মেম্বার/কাউন্সিলর/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়নপত্র ও সত্যায়িত ছবিসহ সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার বরাবর আবেদন করতে হবে।

৬. সমাজসেবা অফিসার ও উপজেলা নির্বাহী অফিসার/উপপরিচালক কর্তৃক পরিচালিত যৌথ ব্যাংক হিসাবে ভাতা বাবদ প্রেরিত অর্থ ৩১ জুলাই এর মধ্যে সংশ্লিষ্ট ভাতাভোগীর ব্যাংক হিসাবে স্থানান্তর/বিতরণ করতে হবে। ৩১ জুলাই এর পর কোনো অর্থ ভাতাভোগীর ব্যাংক হিসাবে স্থানান্তর/বিতরণ করা যাবে না। বিষয়টি সমাজসেবা কর্মকর্তা বহুল প্রচারের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবহিত করবেন। ৩১ জুলাই এর পর অব্যয়িত অর্থের বিষয়ে সরকারি সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা নিতে হবে। ভাতাভোগীর মৃত্যু বা নিরুদ্দেশ হওয়ার কারণে সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে যাতে ভাতার অর্থ পড়ে না থাকে সে বিষয়ে সমাজসেবা অফিসারকে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষের সাথে নিয়মিত যোগাযোগ রেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৭. অসচ্ছল প্রতিবন্ধী ভাতা গ্রহীতা মৃত্যুবরণ করলে তার মৃত্যুর ৭(সাত) দিনের মধ্যে স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ইউপি সদস্য/য়ার্ড কাউন্সিলর/মেয়র কর্তৃক মৃত্যু সম্পর্কিত সনদপত্র প্রদান করতে হবে এবং সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তা ভাতাভোগীর মৃত্যুর সনদপত্র প্রাপ্তি সাপেক্ষে তার ব্যাংক হিসাবে রক্ষিত বকেয়া অর্থ নমিনীকে প্রদানের বিষয়ে প্রত্যয়নপত্র প্রদান করবেন। ভাতাভোগী যে মাসে মৃত্যুবরণ করবেন সে মাসের ভাতাসহ পরবর্তী ২ মাসের ভাতা তাঁর মনোনীত ব্যক্তি পাবেন। উদাহরণঃ কোনো ভাতাভোগী জানুয়ারি মাসের ১৫তারিখে মৃত্যুবরণ করেছেন। সেক্ষেত্রে তাঁর নমিনী পূর্বের বকেয়াসহ (যদি থাকে) মার্চ মাস পর্যন্ত ৩ (তিন) মাসের ভাতা পাবেন। ভাতাভোগীর মৃত্যুজনিত কারণে তার ব্যাংক হিসাবে রক্ষিত ভাতার অর্থ গ্রহণের জন্য নমিনী পাওয়া না গেলে সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার উক্ত ভাতার অর্থ সমাজসেবা অফিসার ও উপজেলা নির্বাহী অফিসার/ উপপরিচালক কর্তৃক পরিচালিত ব্যাংক হিসাবে স্থানান্তর করবেন। এক্ষেত্রে মৃত্যুবরণকারী ভাতাভোগী সর্বশেষ যে মাস পর্যন্ত ভাতা গ্রহণ করেছেন তার পরের মাস হতে নতুন অন্তর্ভূক্ত ব্যক্তি ভাতা পাবেন। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তা মৃত্যুবরণকারী ভাতাভোগীর পরিবর্তে সংশ্লিষ্ট ওয়ার্ডের অনুমোদিত অপেক্ষমান তালিকা (সংশ্লিষ্ট বাস্তবায়ন কমিটি কর্তৃক অনুমোদিত) হতে নতুন ভাতাভোগী

নির্বাচনপূর্বক ভাতা প্রদান নিশ্চিত করবেন এবং বাস্তবায়ন কমিটির পরবর্তী সভায় তা উপস্থাপন করবেন। তাছাড়া সংশ্লিষ্ট উপজেলা/শহর সমাজসেবা কর্মকর্তা জেলার দায়িত্বে নিয়োজিত উপপরিচালক এর মাধ্যমে বিতরণ ও অবিতরণ সংক্রান্ত প্রতিবেদন নির্ধারিত ছকে পরবর্তী মাসের ৩ তারিখের মধ্যে আবশ্যিকভাবে সমাজসেবা অধিদফতরে প্রেরণ করবেন।

সংশ্লিষ্ট উপজেলা/শহর সমাজসেবা অফিসার অর্থ বছর শেষে অর্থাৎ পরবর্তী আগষ্ট মাসে অসচ্ছল প্রতিবন্ধী সাংবাৎসরিক কর্মকান্ডের প্রতিবেদন নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন, যেখানে ভাতাগ্রহণকারীর নাম, মৃত বা অন্যত্র চলে যাওয়া ভাতাভোগীর পরিবর্তে প্রতিস্থাপনকৃতদের নাম এবং অনিবার্য কারণে যদি কোন ভাতা বিতরণ করা না যায় সেক্ষেত্রে ভাতা গ্রহণ না করা ব্যক্তিদের নাম ও এ সংক্রান্ত আনুষ্ঠানিক তথ্যাদি উপস্থাপন করবেন।

৮. সমাজসেবা অধিদফতর হতে কেন্দ্রীয় ব্যাংক হিসাবের অনুকূলে চেক ও বিভাজন জমা হওয়ার ১৫ (পনের) দিনের মধ্যে মাঠ পর্যায়ে ব্যাংকের শাখাসমূহে ভাতার অর্থ পৌছাতে হবে। ব্যাংকের শাখাসমূহে ভাতার অর্থ পৌছানোর সর্বোচ্চ ৩ (তিন) দিনের মধ্যে সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তাকে অবহিত করবেন। সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার এর নিকট হতে অনুচ্ছেদ ১৫(২) (ঙ) অনুযায়ী ভাতা বিতরণ সংক্রান্ত তালিকা প্রাপ্তির পরই ব্যাংক কর্তৃপক্ষ ভাতাভোগীর চাহিদা মোতাবেক ভাতার অর্থ পরিশোধ করবেন। তাছাড়া ভাতা বিতরণকারী ব্যাংক প্রতি মাসের ১ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের হিসাব বিবরণীর এক কপি সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার ও এক কপি তাঁর উর্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন। সমাজসেবা কর্মকর্তা প্রতিবেদনসমূহ সমন্বয় করে এক কপি সংশ্লিষ্ট কমিটির সভাপতি বরাবর ও এক কপি জেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করবেন। উপপরিচালক জেলাধীন সকল কার্যালয়ের প্রতিবেদন সমূহ সমন্বয় করে সমন্বিত প্রতিবেদন সমাজসেবা অধিদফতরে প্রেরণ নিশ্চিত করবেন। সমাজসেবা অধিদফতর সমন্বিত প্রতিবেদন সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করবে। ব্যাংক কর্তৃপক্ষ ৩ মাস অন্তর ব্যয়িত অর্থের সমন্বিত প্রতিবেদনের এক কপি মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর ও এক কপি সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং এক কপি অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

৯. ভাতাভোগীদের সুবিধার্থে সংশ্লিষ্ট ব্যাংকে একটি পৃথক কাউন্টার খুলতে হবে । ভাতাভোগীগণ তাঁদের সুবিধামত সময়ে ভাতার অর্থ ঐ কাউন্টারের মাধ্যমে উত্তোলন করতে পারবেন। এ বিষয়ে সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার ও ব্যাংক কর্তৃপক্ষ যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

১০. উপজেলা নির্বাহী অফিসার/উপপরিচালক ও সমাজসেবা অফিসার কর্তৃক পরিচালিত যৌথ ব্যাংক হিসাবে নির্ধারিত সময়ের পর যদি কোনো অর্থ অব্যয়িত থাকে তবে এ বিষয়ে সরকারী সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**১৬. ভাতাভোগীর তালিকা ও অন্যান্য তথ্যাদি সংরক্ষণ পদ্ধতি ঃ**

১. সমাজসেবা কর্মকর্তা মঞ্জুরীকৃত ভাতা প্রাপকদের তালিকা (Hard ও Soft কপি), প্রয়োজনীয় ডকুমেন্ট যেমন- আবেদনপত্র, ভাতা পরিশোধ বহি, ছবি ও অন্যান্য তথ্যাদি সংরক্ষণ করবেন। তিনি নির্বাচিত ভাতা প্রাপকদের তালিকা সম্বলিত রেজিষ্টার (পরিশিষ্ট-৬) সংরক্ষণ করবেন।

২. ইউনিয়নে/পৌরসভার প্রতিটি ওয়ার্ডে ১০ জনের (যদি থাকে) একটি অগ্রাধিকার ক্রমানুযায়ী অপেক্ষমাণ তালিকা সম্বলিত রেজিষ্টার (পরিশিষ্ট-৭) সংরক্ষণ করতে হবে।

৩. কোন ভাতাভোগী মৃত্যুবরণ করলে তার নামে ইস্যুকৃত বই বাতিল হিসেবে সমাজসেবা কর্মকর্তা তাঁর অফিসে সংরক্ষণ করবেন।

৪. ইউনিয়ন, উপজেলা, পৌরসভা ও সিটি কর্পোরেশনের বাছাইকৃত নতুন প্রার্থীর সংখ্যা সারাদেশের জনসংখ্যার আনুপাতিক হারে নির্ণয় করা হবে। সিটি কর্পোরেশন এবং ক ও খ শ্রেণীর পৌরসভার জন্য কোটা প্রদানের ক্ষমতা সমাজকল্যাণ মন্ত্রণালয় সংরক্ষণ করবে।

৫. ১৪(১) অনুচ্ছেদে বর্ণিত কারণে বাতিলকৃত ভাতাভোগীদের তালিকা সংরক্ষণ করতে হবে।

৬. প্রতি বৎসর মৃত্যুবরণকারী ভাতাভোগীদের তালিকা প্রণয়নপূর্বক "সামাজিক নিরাপত্তা বলয়" কর্মসূচি সার্বিক তত্ত্বাবধান সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'র পরবর্তী সভায় মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর পেশ করবেন। এ জন্য মাঠ পর্যায় থেকে ৬(ছয়) মাস পর পর এ ধরনের মৃত/নতুন ভাতাভোগীদের তালিকা সমাজসেবা অধিদফতরে প্রেরণ করতে হবে। তাছাড়া মৃত ভাতাভোগীর স্থলে যথাসময়ে বিধি মোতাবেক নতুন ভাতাভোগী নির্বাচন করে ভাতা প্রদান করতে হবে।

৭. সিটি কর্পোরেশন এলাকায় প্রার্থীর স্থায়িত্বের ক্ষেত্রে তাকে বাংলাদেশের নাগরিক হতে হবে এবং অন্তত: ৬(ছয়) মাস স্থায়ীভাবে সংশ্লিষ্ট এলাকায় বসবাস করছেন মর্মে ওয়ার্ড কাউন্সিলরের প্রত্যয়নপত্র গ্রহণ করতে হবে। সংশ্লিষ্ট এলাকায় স্থায়ীভাবে বসবাস না করলে বাস্তবায়ন কমিটির সিদ্ধান্তক্রমে তার ভাতা প্রদানের আদেশ বাতিল করে তার স্থলে অপেক্ষমান তালিকা হতে অগ্রাধিকার ভিত্তিতে নতুন ব্যক্তিকে অন্তর্ভূক্ত করে ভাতা প্রদানের ব্যবস্থা করতে হবে।

৮. কোন ইউনিয়ন/পৌরসভা/উপজেলা/সিটি কর্পোরেশনের জন্য নির্ধারিত কোটা ঐ এলাকায় বসবাসকারী প্রয়োজনীয় যোগ্যতা সম্পন্ন প্রার্থী দ্বারা পূরণ করা সম্ভব না হলে তার পার্শ্ববর্তী ইউনিয়ন/পৌরসভা/ উপজেলা/ সিটি কর্পোরেশন যেখানে অধিক সংখ্যক ভাতা প্রাপ্তির যোগ্যতা সম্পন্ন ব্যক্তি রয়েছে সংশ্লিষ্ট বাস্তবায়ন কমিটির সিদ্ধান্তক্রমে এবং একই জেলার অধীন অন্য উপজেলা বা পৌরসভায় স্থানান্তর করতে হলে জেলা স্টিয়ারিং কমিটির সিদ্ধান্তক্রমে ঐ এলাকার কোটা পূরণের পর অবশিষ্ট কোটা সেখানে স্থানান্তর করা যাবে।

৯. সমাজসেবা কর্মকর্তা ও উপ-পরিচালক ভাতা সংক্রান্ত বরাদ্দ, বিতরণ, অবিতরণ, মৃত্যু, অন্যত্র চলে যাওয়া বা অন্যান্য কারণে স্থলাভিষিক্ত ভাতাভোগী সংক্রান্ত বছর শেষে সমন্বিত সমাপনী প্রতিবেদন সমাজসেবা অধিদফতরে প্রেরণ করবেন।

১০ (ক) বিশেষ বিবেচনায় কিংবা প্রাকৃতিক দূর্যোগ কিংবা সরকার কর্তৃক ঘোষিত বিশেষ এলাকা অর্থাৎ দরিদ্র, ও পশ্চাৎপদ এলাকার (চর/পাহাড়ী/দুর্যোগপ্রবণ/উপকূলীয় ও দূর্গম এলাকা) জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয় বিশেষ কোটা সংরক্ষণ করতে পারবে।

(খ) সরকার জাতীয় স্বার্থে বিশেষ বিবেচনায় বাংলাদেশের যে কোন এলাকার জন্য অসচ্ছল প্রতিবন্ধীভাতা খাতে সাধারণ বরাদ্দের অতিরিক্ত বরাদ্দ প্রদান করতে পারবে।

(গ) এ নীতিমালা জারীর পর হতে বিদ্যমান বাজেটে বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে উক্ত বরাদ্দের ১০% পর্যন্ত সমাজকল্যাণ মন্ত্রণালয় বিশেষ কোটা হিসেবে সংরক্ষণ করে জরুরী বিবেচনায় প্রয়োজনীয় ক্ষেত্রে ভাতাভোগী নির্বাচন ও তা বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

**১৭.পরিবীক্ষণ ও মূল্যায়ন :**

১. জাতীয় পর্যায়ে একটি কর্মসূচি সুষ্ঠু ও সুচারুভাবে পরিচালনার জন্য পরিবীক্ষণ ও তত্ত্বাবধানের গুরুত্ব অপরিসীম। সামাজিক নিরাপত্তা বলয় কর্মসূচি সুদৃঢ়করণে অসচ্ছল প্রতিবন্ধী ভাতা কার্যক্রমের প্রভাব, আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন/পরিবর্তন, পরবর্তী পরিকল্পনা/কর্মসূচি গ্রহণের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং সমাজসেবা অধিদফতরে একটি শক্তিশালী যুগোপযোগী পরিবীক্ষণ ও তত্ত্বাবধান সেল থাকবে।

২. উপজেলা/শহর সমাজসেবা অফিসারগণ প্রতি মাসে নির্ধারিত তারিখের মধ্যে কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন জেলার দায়িত্বে নিয়োজিত উপ-পরিচালকগণের নিকট প্রেরণ করবেন। জেলার দায়িত্বে নিয়োজিত উপ-পরিচালকগণ প্রতি মাসের নির্ধারিত সময়ের মধ্যে উপজেলা/শহর সমাজসেবা কার্যালয় হতে প্রাপ্ত প্রতিবেদন একীভূত ও সমন্বিত করে সমাজসেবা অধিদফতরের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করবেন।

৩. উপ-পরিচালক ও উপজেলা/শহর সমাজসেবা অফিসারদের পাশাপাশি জেলা স্টিয়ারিং কমিটি ও উপজেলা/শহর পর্যায়ে গঠিত বাস্তবায়ন কমিটি এ কার্যক্রমের সার্বিক বিষয়াদি পরিবীক্ষণ ও তত্ত্বাবধান করবেন। সদর কার্যালয়ে গঠিত মনিটরিং সেলে নিয়োজিত কর্মকর্তাবৃন্দ কর্তৃপক্ষের নির্দেশক্রমে নিয়মিতভাবে উপজেলা/শহর সমাজসেবা কার্যালয় পরিচালিত এ কর্মসূচি পরিবীক্ষণ ও তত্ত্বাবধান করবেন। তাছাড়া বর্ণিত কর্মসূচিসমূহ বাস্তবায়নের জন্য গঠিত জাতীয় স্টিয়ারিং কমিটি ও মন্ত্রিসভা কমিটিও প্রতি বছর বাস্তবায়নের অগ্রগতি মূল্যায়নপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবে।

৪. সরকারী/বেসরকারী পর্যায়ে গবেষণামূলক প্রতিষ্ঠানকে অসচ্ছল প্রতিবন্ধী ভাতা কর্মসূচি এর সার্বিক মূল্যায়নের দায়িত্ব প্রদান করা হবে।

**১৮. অসচ্ছল প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ভাতা প্রদান কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত কমিটিসমূহ :**

**১৮.১ ইউনিয়ন কমিটি :**

**১৮.২ কমিটির রূপরেখা :**

| | | |
|---|---|---|
| ১. | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান | - সভাপতি |
| ২. | মাননীয় স্থানীয় সংসদ সদস্যের প্রতিনিধি ২(দুই) জন (১জন পুরুষ ও ১ জন মহিলা) | - সদস্য |
| ৩. | উপজেলা চেয়ারম্যানের প্রতিনিধি ১ (এক) জন | - সদস্য |
| ৪. | উপজেলা নির্বাহী অফিসার এর প্রতিনিধি ১ (এক)জন | - সদস্য |
| ৫. | ইউনিয়ন পরিষদের ওয়ার্ড সদস্য/সদস্যা | - সদস্য |
| ৬. | ইউনিয়ন সমাজকর্মী | - সদস্য-সচিব। |

**১৮.৩ নির্বাচন স্থগিত এমন ইউনিয়ন পরিষদ কমিটি :**

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - সভাপতি |
| ২. | সংশ্লিষ্ট ইউনিয়নের প্রতিটি ওয়ার্ড হতে মাননীয় সংসদ সদস্য কর্তৃক মনোনীত ১ (এক) জন গণ্যমান্য ব্যক্তি | - সদস্য |
| ৩. | উপজেলা চেয়ারম্যানের প্রতিনিধি ১ (এক) জন | - সদস্য |
| ৪. | উপজেলা নির্বাহী অফিসার এর প্রতিনিধি ১ (এক) জন | - সদস্য |
| ৫. | ইউনিয়ন পরিষদের সচিব | - সদস্য |
| ৬. | ইউনিয়ন সমাজকর্মী | - সদস্য সচিব |

**১৮.৪ কমিটির কর্মপরিধি :**

১. অসচ্ছল প্রতিবন্ধীভাতা প্রদানের জন্য প্রাথমিকভাবে প্রার্থী বাছাই করে তালিকা প্রণয়ন;

২. প্রণীত তালিকা চূড়ান্ত অনুমোদনের লক্ষ্যে সুপারিশসহ উপজেলা কমিটির নিকট পেশ;

৩. প্রাথমিকভাবে প্রার্থী বাছাই সংক্রান্ত অভিযোগের নিস্পত্তি করবে। তবে আপীলের প্রশ্ন দেখা দিলে তা নিস্পত্তির জন্য উপজেলা কমিটিতে প্রেরণ করতে হবে।

৪. কমিটি প্রতি ৩ মাস অন্তর সবায় মিলিত হবে।

**১৯. স্থানীয় গণ্যমান্য ব্যক্তি বলতে নিম্নবর্ণিত ব্যক্তিকে বুঝাবে :**

১. নেতৃস্থানীয় সমাজসেবক/সংগঠক

২. শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান

৩. ধর্মীয় প্রতিষ্ঠানের প্রধান

৪. অবসরপ্রাপ্ত বেসামরিক/সামরিক কর্মকর্তা/কর্মচারী ।

## ২০.উপজেলা কমিটি:

### ২০.১ কমিটির রূপরেখা :

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা পরিষদের চেয়ারম্যান | - সভাপতি |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার | - সহসভাপতি |
| ৩. | উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানগণ | - সদস্য |
| ৪. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - সদস্য |
| ৫. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | - সদস্য |
| ৬. | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | - সদস্য |
| ৭. | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | - সদস্য |
| ৮. | সংশ্লিষ্ট ব্যাংকের ব্যবস্থাপক | - সদস্য |
| ৯. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | - সদস্য |
| ১০. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - সদস্য |
| ১১. | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা | - সদস্য |
| ১২. | উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের প্রতিনিধি ১ (এক) জন | - সদস্য |
| ১৩. | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ | - সদস্য |
| ১৪. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - সদস্য সচিব |

বিঃ দ্রঃ ১)সংশ্লিষ্ট এলাকার মাননীয় সংসদ সদস্য উপজেলা কমিটির উপদেষ্টা হিসেবে প্রয়োজনীয় উপদেষনা দান করবেন।

২) স্থানীয় কলেজের অধ্যক্ষ/প্রতিনিধি (সরকারি কলেজের অধ্যক্ষ/প্রতিনিধি অগ্রগণ্য), প্রতিবন্ধী সংশ্লিষ্ট সংগঠন, সমাজকল্যাণমূলক কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সংগঠন হতে কমিটি অনধিক ৩ (তিন) জন সদস্য প্রয়োজনে কো-অপ্ট করতে পারবে।

### ২০.২ কমিটির কর্মপরিধি :

১. ইউনিয়ন কমিটি কর্তৃক বাছাইকৃত প্রাথমিক তালিকা যাচাই/বাছাইপূর্বক মাননীয় স্থানীয় সংসদ সদস্যের সম্মতি/অনুমোদনক্রমে ভাতা বিতরণ করা;

২. ভাতা প্রদান কার্যক্রম তদারকীসহ এ সংক্রান্ত যাবতীয় আপীল অভিযোগ নিস্পত্তিকরণ;

৩. ইউনিয়ন পর্যায়ে অবস্থিত সোনালী/জনতা/অগ্রণী/বাংলাদেশ কৃষি ব্যাংক ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের নিকটতম শাখার মাধ্যমে ভাতা প্রদানের ব্যবস্থা গ্রহণ নিশ্চিতকরণ;

৪. উচ্চতর কমিটির নির্দেশনা বাস্তবায়ন ও সুপারিশ প্রেরণ;

৫. বছরে অন্তত: ৪ (চার) বার কমিটির সভা আহবান;

**২১. পৌরসভা কমিটি (সকল শ্রেণীর পৌরসভার জন্য):**

**২১.১ কমিটি গঠন :**

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) (জেলা পর্যায়ের পৌরসভা)/ উপজেলা নির্বাহী অফিসার (উপজেলা পর্যায়ের পৌরসভা) | - সভাপতি |
| ২. | মাননীয় স্থানীয় সংসদ সদস্যের ২ জন প্রতিনিধি (১জন পুরুষ ও ১ জন মহিলা) | - সদস্য |
| ৩. | পৌরসভার মেয়র এর প্রতিনিধি | - সদস্য |
| ৪. | পুলিশ সুপারের প্রতিনিধি (জেলা পর্যায়ের পৌরসভার জন্য)/ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপজেলা পর্যায়ের পৌরসভার জন্য) | - সদস্য |
| ৫. | সিভিল সার্জনের প্রতিনিধি(জেলা পর্যায়ের পৌরসভার জন্য )/ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (উপজেলা পর্যায়ের পৌরসভার জন্য) | -সদস্য |
| ৬. | জেলা মুক্তিযোদ্ধা সংসদের প্রতিনিধি (জেলা পর্যায়ের পৌরসভা) ১ (এক) জন | - সদস্য |
| ৭. | সংশ্লিষ্ট পৌরসভার কাউন্সিলর | - সদস্য |
| ৮. | উপজেলা/জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | - সদস্য |
| ৯. | উপজেলা/জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | - সদস্য |
| ১০. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | - সদস্য |
| ১১. | সংশ্লিষ্ট ব্যাংকের ব্যবস্থাপক | - সদস্য |
| ১২. | উপজেলা/জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - সদস্য |
| ১৩. | উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের প্রতিনিধি(উপজেলা পর্যায়ের পৌরসভা) ১ (এক)জন | - সদস্য |
| ১৪. | শহর সমাজসেবা প্রকল্প সমন্বয় পরিষদের প্রতিনিধি (জেলা পর্যায়ের পৌরসভা) | - সদস্য |
| ১৫. | সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তা | - সদস্য সচিব |

বিঃ দ্রঃ স্থানীয় কলেজের অধ্যক্ষ/প্রতিনিধি(সরকারি কলেজের অধ্যক্ষ/প্রতিনিধি অগ্রগণ্য), স্থানীয় প্রতিবন্ধী সংশ্লিষ্ট সংগঠন, সমাজকল্যাণমূলক কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সংগঠন হতে কমিটি অনধিক ৩ (তিন) জন সদস্য প্রয়োজনে কো-অপ্ট করতে পারবে।

**২১.২ কমিটির কর্মপরিধি ঃ**

১. প্রাপ্ত আবেদনপত্রের আলোকে প্রার্থী তালিকা যাচাই/বাছাইপূর্বক চূড়ান্তকরণ এবং মাননীয় স্থানীয় সংসদ সদস্যের সম্মতি/অনুমোদনক্রমে ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ;
২. ভাতা প্রদান কার্যক্রম তদারকীসহ যাবতীয় আপীল অভিযোগ নিষ্পত্তিকরণ;
৩. পৌরসভা/শহর এলাকায় অবস্থিত সোনালী, জনতা, অগ্রণী, বাংলাদেশ কৃষি ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের নিকটতম শাখার মাধ্যমে ভাতা প্রদানের ব্যবস্থা গ্রহণ নিশ্চিতকরণ;
৪. উর্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা বাস্তবায়ন ;
৫. কমিটি বছরে অন্ততঃ ৪(চার)টি সভায় মিলিত হবেন;
৬. বর্ণিত কমিটি পৌরসভা/শহর এলাকার অসচ্ছল প্রতিবন্ধীভাতা কর্মসূচী বাস্তবায়ন করবে।

বি: দ্র: নির্বাচন স্থগিত এমন পৌরসভার ক্ষেত্রে প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব পৌরসভার প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করবেন।

**২২.সিটি কর্পোরেশন কমিটি :**

**২২.১ কমিটি রূপরেখা:**

| | | |
|---|---|---|
| ১. | প্রধান নির্বাহী কর্মকর্তা/ প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত প্রতি শহর সমাজসেবা কার্যক্রম এলাকার জন্য একজন আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা) | - সভাপতি |
| ২. | মাননীয় স্থানীয় সংসদ সদস্যের ২ (দুই) জন প্রতিনিধি (১জন পুরুষ ও ১ জন মহিলা) | - সদস্য |
| ৩. | মাননীয় মেয়রের প্রতিনিধি ১ (এক) জন | - সদস্য |
| ৪. | জেলা প্রশাসকের প্রতিনিধি ১ (এক) জন | - সদস্য |
| ৫. | পুলিশ কমিশনার/পুলিশ সুপারের প্রতিনিধি ১ (এক) জন | - সদস্য |
| ৬. | সংশ্লিষ্ট শহর সমাজসেবা কর্মসূচি সমন্বয় পরিষদের প্রতিনিধি | - সদস্য |
| ৭. | সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার | - সদস্য |
| ৮. | বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের প্রতিনিধি/জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা | - সদস্য |
| ৯. | স্বাস্থ্য কর্মকর্তা/সহকারী স্বাস্থ্য কর্মকর্তা (সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা/আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত) | - সদস্য |
| ১০. | সংশ্লিষ্ট ব্যাংক প্রতিনিধি | - সদস্য |
| ১১. | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়ের প্রতিনিধি | - সদস্য |
| ১২. | সমাজসেবা কর্মকর্তা, সংশ্লিষ্ট শহর সমাজসেবা কার্যক্রম | - সদস্য সচিব। |

বিঃ দ্রঃ ১. সরকারি কলেজের অধ্যক্ষের প্রতিনিধি, প্রতিবন্ধী সংশ্লিষ্ট সংগঠন, সমাজকল্যাণমূলক কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সংগঠন হতে কমিটি প্রয়োজনে অনধিক (তিন) জন সদস্য কো-অপ্ট করাতে পারবে।

২. প্রতিটি শহর সমাজসেবা কার্যালয়ের আওতায় একটি পৃথক কমিটি থাকবে।

**২২.২ কমিটির কর্মপরিধিঃ**

১. সিটি কর্পোরেশনের আওতাধীন প্রতিবন্ধী ভাতা পাওয়ার জন্য যোগ্য ব্যক্তি নির্বাচন;

২. প্রার্থীদের ভাতা প্রাপ্তি নিশ্চিতকরণ ;

৩. কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ;

৪. স্থানীয় পর্যায়ে উদ্ভূত সমস্যা নিরসন;

৫. জাতীয় ষ্টিয়ারিং কমিটির নিকট সুপারিশ প্রেরণ;

৬. কার্যক্রম বাস্তবায়ন, তদারকি, পরিদর্শন, মূল্যায়ন ও পরিবীক্ষণ;

৭ বছরে অন্ততঃ ৩ (তিন) বার কমিটির সভা আহবান।

## ২৩.জেলা স্টিয়ারিং কমিটি :

### ২৩.১ কমিটির রূপরেখা :

| | | |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক/ পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান (পার্বত্য জেলার ক্ষেত্রে) | - সভাপতি |
| ২. | পার্বত্য জেলার ক্ষেত্রে জেলা প্রশাসকের প্রতিনিধি | - সদস্য |
| ৩. | জেলার সকল মাননীয় স্থানীয় সংসদ সদস্যের ১ জন করে প্রতিনিধি | - সদস্য |
| ৪. | মেয়রের প্রতিনিধি (সিটিকর্পোরেশনভুক্ত জেলা) | - সদস্য |
| ৫. | মেয়র (সিটিকর্পোরেশন বহির্ভুত জেলা পর্যায়ের পৌরসভা) | - সদস্য |
| ৬. | জেলার সকল উপজেলা চেয়ারম্যান | - সদস্য |
| ৭. | সিভিল সার্জন | - সদস্য |
| ৮. | পুলিশ সুপার | - সদস্য |
| ৯. | জেলা ত্রান ও পুনর্বাসন কর্মকর্তা | - সদস্য |
| ১০. | জেলা মুক্তিযোদ্ধা সংসদের প্রতিনিধি | - সদস্য |
| ১১. | জেলা সমাজকল্যাণ পরিষদের সহসভাপতি (জাতীয় সমাজকল্যাণ পরিষদের সদস্য) | - সদস্য |
| ১২. | জেলা শিক্ষা অফিসার | - সদস্য |
| ১৩. | বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের প্রতিনিধি/জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা | - সদস্য |
| ১৪. | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - সদস্য |
| ১৫. | জেলা তথ্য অফিসার | - সদস্য |
| ১৬. | মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক,সোনালী/জনতা/অগ্রণী/ বাংলাদেশ কৃষি/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | - সদস্য |
| ১৭. | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় | -সদস্য সচিব |

বিঃ দ্রঃ সরকারি কলেজের অধ্যক্ষ, প্রতিবন্ধী সংশ্লিষ্ট সংগঠন, সমাজকল্যাণমূলক কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সংগঠন হতে কমিটি প্রয়োজনে অনধিক (তিন) জন সদস্য কো-অপ্ট করতে পারবে।

### ২৩.২ কমিটির কর্মপরিধি :

১. জেলার আওতাধীন উপজেলা ও শহর অঞ্চলের ভাতা কার্যক্রম বাস্তবায়নের সার্বিক তত্ত্বাবধান;

২. বিভিন্ন প্রকার ভাতা প্রদানের ক্ষেত্রে উদ্ভুত সমস্যা সমাধান;

৩. পরিদর্শন/মনিটরিং এবং জাতীয় স্টিয়ারিং কমিটির নিকট সুপারিশ প্রেরণ;

৪. উপজেলা ও শহর অঞ্চলের অসচ্ছল প্রতিবন্ধীভাতা প্রদানের ক্ষেত্রে আপত্তি মীমাংসার জন্য অ্যাপিলেট বডি হিসেবে দায়িত্ব পালন;

৫. বছরে কমপক্ষে ২ বার কমিটির সভা আহবান।

## ২৪.জাতীয় স্টিয়ারিং কমিটি :

### ২৪.১ কমিটি রূপরেখা :

| | | |
|---|---|---|
| ১. | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | - সভাপতি |
| ২. | অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম সচিবের নীচে নয়) | - সদস্য |
| ৩. | স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি (যুগ্ম সচিবের নীচে নয়) | - সদস্য |
| ৪. | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম সচিবের নীচে নয়) | - সদস্য |
| ৫. | শিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম সচিবের নীচে নয়) | - সদস্য |
| ৬. | যুগ্ম সচিব(কর্মসূচী সংশ্লিষ্ট), সমাজকল্যাণ মন্ত্রণালয় | - সদস্য |
| ৭. | খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম সচিবের নীচে নয়) | - সদস্য |
| ৮. | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম সচিবের নীচে নয়) | - সদস্য |
| ৯. | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম সচিবের নীচে নয়) | - সদস্য |
| ১০. | প্রধান মন্ত্রীর কার্যালয়ের প্রতিনিধি (মহাপরিচালকের নীচে নয়) | - সদস্য |
| ১১. | ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন | - সদস্য |
| ১২. | মহাব্যবস্থাপক,সোনালী/জনতা/অগ্রণী/বাংলাদেশকৃষি/রাজশাহীকৃষি উন্নয়ন ব্যাংক | - সদস্য |
| ১৩. | সরকার কর্তৃক মনোনীত ১ জন মহিলা প্রতিনিধি | - সদস্য |
| ১৪. | মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর | -সদস্য সচিব |

বিঃ দ্রঃ শিক্ষাবিদ, প্রতিবন্ধী সংশ্লিষ্ট সংগঠন, গবেষণামূলক প্রতিষ্ঠান, সমাজকল্যাণমূলক কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সংগঠন হতে সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় প্রয়োজনে অনধিক ৩ (তিন) জন সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

### ২৪.২ কমিটির কর্মপরিধি :

১. ভাতা প্রদান কার্যক্রমের নীতি নির্ধারণ ;
২. উচ্চ পর্যায়ে সমন্বয়, পরামর্শ ও নির্দেশনা ;
৩. পরিদর্শন, পরীবিক্ষণ ও মূল্যায়ন
৪. কার্যক্রম বাস্তবায়ন কালে উদ্ভুত চ্যালেঞ্জসমূহ দূরীকরণে পরামর্শ ও নির্দেশনা।
৫. বছরে কমপক্ষে ২ বার সভা আহবান।

**২৫.সামাজিক নিরাপত্তা বলয় কর্মসূচি'র সার্বিক তত্ত্বাবধান সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি :**

**২৫.১ কমিটির রূপরেখা :**

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় অর্থ মন্ত্রী | - সভাপতি। |
| ২. | মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | - সদস্য |
| ৩. | মাননীয় মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয় | - সদস্য |
| ৪. | মাননীয় **প্রতিমন্ত্রী,** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য |
| ৫. | মাননীয় **প্রতিমন্ত্রী,** মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য |

**২৫.২ কমিটির কর্মপরিধি ঃ**

১. প্রতি বৎসর মার্চ মাসে কমিটির বিশেষ সভা অনুষ্ঠিত হবে এবং উক্ত সভায় বয়স্কভাতা প্রদান কর্মসূচির পূর্ববর্তী বৎসরের সার্বিক মূল্যায়ন ও পরবর্তী বৎসরের বাজেট নির্ধারণ করা;

২. অক্ষম প্রতিবন্ধীদের জন্য ভাতা বিতরণ কর্মসূচির সার্বিক তত্ত্বাবধান ও মূল্যায়ন এবং পরবর্তী বৎসরের বাজেট নির্ধারণ করা;

৩. বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের জন্য ভাতা বিতরণের সার্বিক তত্ত্বাবধান ও মূল্যায়ন এবং পরবর্তী বৎসরের এ সংক্রান্ত বাজেট প্রণয়ন করা;

৪. অসচ্ছল মুক্তিযোদ্ধাদের ভাতা প্রদান কার্যক্রম, প্রার্থী বাছাইয়ে অনুমোদিত নীতিমালার সার্বিক তত্ত্বাবধান ও মূল্যায়ন এবং এ সংক্রান্ত বাজেট প্রণয়ন করা;

৫. দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালভাতা বিতরণ কর্মসূচির সার্বিক তত্ত্বাবধান ও মূল্যায়ন এবং বাজেট নির্ধারণ করা; এবং

৬. প্রতিবন্ধীদের জন্য শিক্ষা উপবৃত্তি কর্মসূচির সার্বিক তত্ত্বাবধান ও মূল্যায়ন এবং বাজেট নির্ধারণ করা।

২৫.৩ সমাজকল্যাণ মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২৫.৪ কমিটি বছরে অন্তত: **১**(এক) বার বৈঠকে মিলিত হবে। প্রয়োজনে বিশেষ সভা আহবান করা যাবে।

২৬. সরকার নীতিমালার সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জনের ক্ষমতা সংরক্ষণ করবে।

পরিশিষ্ট- ১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
সমাজকল্যাণ মন্ত্রণালয়
উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়........... ।
অসচ্ছল প্রতিবন্ধী ব্যক্তিদের তথ্য সংগ্রহ ফরম রেজিষ্টার এর নমুনাঃ

ওয়ার্ড নং :
ইউনিয়নের নাম :
উপজেলার নাম :
জেলার নাম :

| ক্রঃ নং | প্রতিবন্ধী ব্যক্তির নাম (বাংলা ও ইংরেজি) | পিতা/ স্বামীর নাম | মাতার নাম | গ্রাম/মহল্লার নাম | জন্ম তারিখ | জাতীয় পরিচিতি/ জন্ম নিবন্ধন নম্বর | সমাজসেবা অধিদফতরের নিবন্ধন নম্বর | ধর্ম | লিঙ্গ | পেশা | *প্রতিবন্ধী-তার ধরণ ও মাত্রা | পরিবারের সদস্য সংখ্যা | পরিবারের বার্ষিক আয় | ভূমির পরিমান | সম্পূর্ণ/ আংশিক কর্মক্ষম /কর্মঅক্ষম | সরকার কর্তৃক প্রদত্ত নিয়মিত অন্য কোন আর্থিক সুবিধা পান কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
| | | | | | | | | | | | | | | | | | |

.........................................
ইউনিয়ন সমাজকর্মী/টি আই এর স্বাক্ষর

......................................
ফিল্ড সুপারভাইজার স্বাক্ষর

.......................................
সমাজসেবা কর্মকর্তার স্বাক্ষর

* প্রতিবন্ধিতার ধরণঃ (১) শারীরিক, (২) দৃষ্টি, (৩) শবণ, (৪) বাক, (৫) বুদ্ধি, (৬) বহুমাত্রা (৭) অটিস্টিক (৮) অন্যান্য ।
* প্রতিবন্ধিতার মাত্রাঃ(১)মৃদু, (২) মাঝারি ও (৩)তীব্র।

পরিশিষ্ট- ২

অসচ্ছল প্রতিবন্ধী ভাতা মঞ্জুরীর আবেদন পত্র।
(আবেদনকারী নিজে পূরণ অথবা স্বাক্ষর করবেন অথবা কারো দ্বারা পূরণ করে নিজে টিপসহি দিবেন)

| পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি |
|---|

বরাবর,
সমাজসেবা কর্মকর্তা
উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়
..................................

বিষয়ঃ অসচ্ছল প্রতিবন্ধী ভাতা মঞ্জুরীর জন্য আবেদন।

মহোদয়,
বিনীত নিবেদন এই যে, আমি একজন.................. প্রতিবন্ধী ব্যক্তি। আমার বর্তমান বয়স .................. বছর। আমি সরকার কর্তৃক প্রদত্ত অসচ্ছল প্রতিবন্ধী ভাতা প্রাপ্তির জন্য আবেদন করছি। আমার তথ্যাদি নিম্নে প্রদত্ত হল। উল্লেখ্য যে আমার নিম্ন বর্ণিত তথ্যাদি সত্য।

(১) নাম :ক) বাংলায়:........................................................ (খ) ইংরেজিতে:.............................................
(২) পিতা/স্বামীর নাম:............................................ (৩) মাতার নাম : ...................................................
(৪) জন্ম তারিখ:......................... (৫) জাতীয় পরিচিতি/জন্ম নিবন্ধন নম্বর:....................................................
(৬) লিঙ্গ..........................(৭) ধর্ম:.................. (৮) বৈবাহিক অবস্থা: .................... (৯) পেশা:..................
(৯) ঠিকানা:
(ক) বর্তমান:............................................ (খ) স্থায়ী : ........................................................
............................................... ........................................................
............................................... ........................................................
(১১) বার্ষিক গড় আয় :
(১২) স্বাস্থ্যগত অবস্থা ঃ
(প্রযোজ্য ক্ষেত্রে টিকচিহ্ন দিন) ☐ ☐ ☐ ☐
১) প্রতিবন্ধিতার কারণে সম্পূর্ণ কর্ম ক্ষমতাহীন ২) অসুস্থ ৩) অপ্রকৃতিস্থ ৪) প্রতিবন্ধিতার কারণে আংশিক কর্মক্ষমহীন
(১৩) আর্থ-সামাজিক অবস্থা:
(প্রযোজ্য ক্ষেত্রে (টিক) চিহ্ন দিন)

(ক) আর্থিক অবস্থা: ☐ ☐ ☐
(১) নিঃস্ব (২) উদ্বাস্তু (৩) ভূমিহীন

(খ) সামাজিক অবসাথা ☐ ☐ ☐ ☐
(১) বিধবা ( ২) তালাকপ্রাপ্তা (৩) বিপত্নীক (৪) পরিবার থেকে বিচ্ছিন্ন

(১৪) শনাক্তকরণ চিহ্ন : ......................... (১৫) প্রতিবন্ধীত্বের ধরণ: ....................(১৬) প্রতিবান্ধাতার মাত্রা:...........
(১৭) জেলা সমাজসেবা কার্যালয়ের নিবন্ধন নম্বর.................................... ।

...............................................................
(ওয়ার্ড সদস্য/কাউন্সিলর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/মেয়র)

(১৮) আমার শারীরিক অক্ষমতাজনিত কারণে ভাতা গ্রহণের জন্য সশরীরে উপস্থিত হওয়া সম্ভব নয়। তাই আমার ভাতা গ্রহণের জন্য নিম্নবর্ণিত ব্যক্তিকে মনোনয়ন দান করলাম। সেইসাথে নমিনিকে আমার মৃত্যুর পর প্রাপ্য ভাতার (যদি থাকে) অর্থ গ্রহণের জন্য মনোনয়ন দান করলাম।

নমিনীর সত্যায়িত ছবি

| নমিনীর নাম ও ঠিকানা | ভাতাভোগীর সাথে সম্পর্ক | মনোনীত ব্যক্তির নমুনা স্বাক্ষর | ভাতাভোগীর প্রতিস্বাক্ষর/টিপসহি |
|---|---|---|---|
| | | | |

আপনার অনুগত,

শনাক্তকারীর নাম ও স্বাক্ষর
(সীলমোহর)

আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি :
আবেদনকারীর নাম :

(১৯) আবেদনকারীর বর্ণনা সত্য। তিনি অসচ্ছল প্রতিবন্ধীভাতা প্রাপ্তির যোগ্য/অযোগ্য। তাঁকে এ ভাতা প্রদান করা যেতে পারে/পারেনা।

ইউপি সদস্য/চেয়ারম্যান/পৌরসভা/সিটি
কর্পোরেশনের কাউন্সিলরের স্বাক্ষর
(নামের সীলসহ)

মঞ্জুরকারী কর্তৃপক্ষের স্বাক্ষর
সমাজসেবা কর্মকর্তা (নামের সীলসহ)

* প্রতিবন্ধিতার ধরণ: (১) শারীরিক, (২) দৃষ্টি, (৩) শবণ, (৪) বাক, (৫) বুদ্ধি, (৬) বহুমাত্রা (৭) অটিস্টিক (৮) অন্যান্য ।
* প্রতিবন্ধিতার মাত্রা:(১)মৃদু, (২) মাঝারি ও (৩)তীব্র।

<u>পরিশিষ্ট-৩</u>

অসচ্ছল প্রতিবন্ধীভাতা পরিশোধ বই :

বই নম্বরঃ....................

অসচ্ছল প্রতিবন্ধীভাতা পরিশোধ বহি :
(ভাতা গ্রহণকারীর অংশ)

| পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি |
|---|

১। খরচ বহনকারী : গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২। হিসাবের খাত/কোড : ..................................................

৩। ভাতা গ্রহীতার নাম : ..................................................

৪। পিতা/স্বামীর নাম : .................................................

৫। মাতার নাম : .................................................

৬। জাতীয় পরিচিতি/জন্ম নিবন্ধন নম্বর : ..................................................

৭। জন্ম তারিখ : .................................................

৮। লিঙ্গঃ........................ ৯। ধর্মঃ...................................... ১০। পেশাঃ........................

১১। ঠিকানা :

(ক) স্থায়ীঃ ........................................................
........................................................
........................................................
........................................................

(খ) বর্তমানঃ .....................................................
.......................................................
.......................................................
.......................................................

১২। ভাতাভোগীর সনাক্তকরণ চিহ্ন :.................. ১৩। প্রতিবন্ধীতার ধরণ :...................১৪। মাত্রাঃ..........

১৫। জেলা সমাজসেবা কার্যালয়ের নিবন্ধন নং............................. ।

সমাজসেবা কর্মকর্তার স্বাক্ষর
(নামের সীলসহ) :

* প্রতিবন্ধিতার ধরণঃ (১) শারীরিক, (২) দৃষ্টি, (৩) শবণ, (৪) বাক, (৫) বুদ্ধি, (৬) বহুমাত্রা (৭) অটিস্টিক (৮) অন্যান্য ।
* প্রতিবন্ধিতার মাত্রাঃ(১)মৃদু, (২) মাঝারি ও (৩)তীব্র।

অসচ্ছল প্রতিবন্ধীভাতা পরিশোধের আদেশ

.................সমাজসেবা কর্মকর্তার অফিস।

.......................................

নং তারিখ :

ব্যবস্থাপক
.......................... ব্যাংক
............................ শাখা
থানা/উপজেলা :
জেলা :

পুনরাদেশ না দেয়া পর্যন্ত............................................... কে প্রত্যেক মাস শেষ হলে অনুগ্রহপূর্বক অসচ্ছল প্রতিবন্ধী ভাতা বাবদ ..................টাকা এই আদেশনামা উপস্থাপন ও প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করার পর নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষ প্রদানের জন্য অনুরোধ করা হল।

স্বাক্ষরঃ .......................................
নাম : ........................................
পদবীঃ........................................
(নামের সীলসহ)

টীকা ঃ (১) এই আদেশের অধীন কেবল সশরীরে উপস্থিত প্রতিবন্ধী ভাতাভোগীকেই অর্থ পরিশোধ করতে হবে।

(২) পর্দানশীল মহিলা এবং অসুস্থতা ও শারীরিক অক্ষমতার কারণে উপস্থিত হতে অসমর্থ ভাতাভোগী তাঁহার পক্ষে ভাতা গ্রহণের জন্য অন্য কোন ব্যক্তিকে লিখিতভাবে মনোনয়ন প্রদান করবেন এবং মনোনীত ব্যক্তি ভাতা গ্রহণের সময় প্রতিবার সংশ্লিষ্ট ব্যক্তি জীবিত আছেন, এই মর্মে স্থানীয় প্রতিনিধি (পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড মেম্বার) এর সনদপত্র পেশ করবেন।

(৩) ভাতাভোগীর মৃত্যুর পর তার নমিনী/মনোনীত ব্যক্তি কর্তৃক বকেয়া ভাতা গ্রহণের পর অথবা নমিনী না থাকলে ভাতাভোগীর মৃত্যুর পরের মাস হতে অথবা ভাতাভোগী অন্যত্র চলে যাওয়ার প্রেক্ষিতে ভাতা প্রদানের আদেশ বাতিল হলে এই আদেশনামা বাতিল বলে গণ্য হবে।

ভাতা প্রদানের “ছক” (প্রত্যেকবারের দেয় টাকা লিপিবদ্ধ করতে হবে) :

১। অসচ্ছল ভাতার পরিমাণ : টাকা ..................... কথায় :........................................

| মাসের নাম (যে মাসের ভাতা পরিশোধ করতে হবে) | মাসিক ভাতার হার | প্রদেয় টাকার পরিমাণ | টাকা পরিশোধের তারিখ | ভাতাগ্রহীতার স্বাক্ষর/ টিপসহি | ভাতা পরিশোধ কারীর স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

পরিশিষ্ট- ৪

অসচ্ছল প্রতিবন্ধীভাতা পরিশোধ বই বিতরণ রেজিষ্টার:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়
.........................................

| ক্রমিক নং | প্রতিবন্ধী ব্যক্তির নাম | পিতা/স্বামীর নাম | মাতার নাম | গ্রাম/মহল্লার নাম | জন্ম তারিখ | ওয়ার্ড নং | ইউনিয়নের নাম | ভাতাভোগী হিসেবে চূড়ান্ত অনুমোদনের তারিখ | ভাতা পরিশোধ বই ইস্যুর তারিখ | ভাতা পরিশোধ বই নম্বর | শনাক্তকারীর স্বাক্ষর | ভাতাভোগীর স্বাক্ষর/টিপসই | বিতরণকারীর স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| | | | | | | | | | | | | | |

.......................................
সমাজসেবা কর্মকর্তার স্বাক্ষর
(সীলমেহরসহ)

পরিশিষ্ট-৫

মাসিক ভাতা পরিশোধ সংক্রান্ত রেজিস্টার সংরক্ষণের নমুনা 'ছক'

কর্মসূচির নামঃ অসচ্ছল প্রতিবন্ধী ভাতা

**অর্থ বছর :**

ওয়ার্ড নং :
ইউনিয়নের নাম :
উপজেলার নাম :
জেলার নাম :

| ক্রঃ নং | উপকারভোগীর নাম | পিতা/স্বামীর নাম | মাতার নাম | গ্রামের নাম | ভাতা পরিশোধ বহি নং | মাসিক ভাতা পরিশোধের বিবরণ | | | | | | | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | জুলাই | আগষ্ট | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর | জানুয়ারী | ফেব্রুয়ারী | মার্চ | এপ্রিল | মে | জুন | মোট | |
| ১. | ২. | ৩. | ৪. | ৫. | ৬. | ৭. | ৮. | ৯. | ১০. | ১১. | ১২. | ১৩. | ১৪. | ১৫. | ১৬. | ১৭. | ১৮. | ১৯. | ২০. |
| ১. | | | | | | | | | | | | | | | | | | | |
| ২. | | | | | | | | | | | | | | | | | | | |
| ৩. | | | | | | | | | | | | | | | | | | | |
| ৪. | | | | | | | | | | | | | | | | | | | |
| ৫. | | | | | | | | | | | | | | | | | | | |
| ৬. | | | | | | | | | | | | | | | | | | | |
| ৭. | | | | | | | | | | | | | | | | | | | |
| ৮. | | | | | | | | | | | | | | | | | | | |
| ৯. | | | | | | | | | | | | | | | | | | | |
| ১০. | | | | | | | | | | | | | | | | | | | |

সমাজসেবা কর্মকর্তার স্বাক্ষর ও সীল: ফিল্ড সুপারভাইজারের স্বাক্ষর : ইউনিয়ন সমাজকর্মীর নাম ও স্বাক্ষর :

পরিশিষ্ট- ৬

**ভাতাপ্রাপ্ত প্রতিবন্ধী ব্যক্তিদের তালিকা সম্বলিত রেজিষ্টার এর নমুনাঃ**

ইউনিয়নের নাম :
উপজেলার নাম :
জেলার নাম :

| ক্রঃ নং | প্রতিবন্ধী ব্যক্তির নাম (বাংলা ও ইংরেজি) | পিতা/ স্বামীর নাম | মাতার নাম | গ্রাম/মহল্লার নাম | জন্ম তারিখ | জাতীয় পরিচিতি/ জন্ম নিবন্ধন নম্বর | সমাজসেবা অধিদফতরের নিবন্ধন নম্বর | ধর্ম | লিঙ্গ | পেশা | *প্রতিবন্ধী-তার ধরণ ও মাত্রা | ভাতা পরিশোধ বই নং | ব্যাংক হিসাব নং | বাস্তবায়ন কমিটির সভার নম্বর ও তারিখ (অনুমোদনের তারিখ) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| | | | | | | | | | | | | | | | |

বাস্তবায়ন কমিটির সদস্য সচিবের স্বাক্ষর ও তারিখ
(সীল মোহর)

বাস্তবায়ন কমিটির সভাপতির স্বাক্ষর ও তারিখ
(সীল মোহর)

**ভাতা প্রাপ্তির যোগ্য প্রতিবন্ধী ব্যক্তিদের অপেক্ষমান তালিকা সম্বলিত রেজিষ্টার এর নমুনাঃ**

ইউনিয়নের নাম :

উপজেলার নাম :

জেলার নাম :

| ক্রঃ নং | প্রতিবন্ধী ব্যক্তির নাম (বাংলা ও ইংরেজি) | পিতা/ স্বামীর নাম | মাতার নাম | গ্রাম/মহল্লার নাম | জন্ম তারিখ | জাতীয় পরিচিতি/ জন্ম নিবন্ধন নম্বর | সমাজসেবা অধিদফতরের নিবন্ধন নম্বর | ধর্ম | লিঙ্গ | পেশা | *প্রতিবন্ধী-তার ধরণ ও মাত্রা | বাস্তবায়ন কমিটির সভার নম্বর ও তারিখ (অনুমোদনের তারিখ) | যৌক্তিক কারণে কোনো ভাতাভোগীর পরিবর্তে প্রতিস্থাপিত হলে সংশ্লিষ্ট ব্যক্তির বই নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) | যার স্থলে প্রতিস্থাপিত হলো তার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) | প্রতিস্থাপনের তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| | | | | | | | | | | | | | | | |

বাস্তবায়ন কমিটির সদস্য সচিবের স্বাক্ষর ও তারিখ
(সীল মোহর)

বাস্তবায়ন কমিটির সভাপতির স্বাক্ষর ও তারিখ
(সীল মোহর)